

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
স্থানীয় সরকার শাখা।
www.jhenaidah.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৪.৪৪০০.০০৭.০২.০৩৫.১৬- ৭৭

তারিখ:- ১০ ফাল্গুন ১৪২৩
২২ ফেব্রুয়ারি, ২০১৭

নিয়োগ বিজ্ঞপ্তি

ঝিনাইদহ জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদে 'হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর' এর শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে ঝিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক	পদের নাম	বেতন স্কেল	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১	হিসাব সহকারী- কাম-কম্পিউটার অপারেটর	৯৩০০-২২৪৯০/- (জাতীয় বেতন স্কেল, ২০১৫)	২৮(আটাশ)টি	ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অনূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০(বিশ) শব্দ এবং ইংরেজি ২০(বিশ) শব্দ।


শর্তাবলী

- ০১। হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটরদের ক্ষেত্রে বেতনের ৭৫% সরকারি অনুদান থেকে ও ২৫% ইউনিয়ন পরিষদের নিজস্ব আয় থেকে নির্বাহ করা হবে।
- ০২। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও ঝিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০৩। প্রার্থীর বয়স ২৩/০৩/২০১৭ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে প্রাধিকার প্রাপ্তদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ০৪। জেলা প্রশাসক, ঝিনাইদহ বরাবরে ২৩-০৩-২০১৭ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে আবেদনপত্র প্রেরণ করতে হবে। ডাকযোগে প্রেরিত আবেদন পত্র অবশ্যই নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৫। মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সনদ থাকতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রেও যথাযথ কর্তৃপক্ষ স্বাক্ষরিত সনদ থাকতে হবে।
- ০৬। চাকরির প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- ০৭। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ ডিসেম্বর ২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর স্মারকে জারিকৃত চাকরির নির্ধারিত আবেদন ফরমে আগ্রহী প্রার্থীদেরকে জেলা প্রশাসক, ঝিনাইদহ বরাবর স্বহস্ত লিখিত আবেদন করতে হবে। আবেদনপত্র www.mopa.gov.bd অথবা জেলা তথ্য বাতায়ন www.jhenaidah.gov.bd এর নোটিশ বোর্ড হতে ডাউনলোড করা যাবে। নির্ধারিত ফরম ব্যতিরেকে/ব্যতীত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- ০৮। আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি সত্যায়িত ছবি এবং সোনালী ব্যাংক এর যে কোন শাখা হতে জেলা প্রশাসক, ঝিনাইদহ এর অনুকূলে =৪০০/- (চারশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) জমা দিতে হবে।
- ০৯। যোগাযোগের সুবিধার্থে আবেদনের সঙ্গে ১০/- (দশ) টাকার ডাকটিকিট যুক্ত নিজ ঠিকানা সম্বলিত (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে চান) কমপক্ষে ৯'-৪' সাইজের খাম জমা দিতে হবে।
- ১০। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার মাধ্যমে যোগ্য প্রার্থী বাছাই করা হবে এবং নিয়োগ হবে অস্থায়ী ভিত্তিতে।



(চলমান পাতা-০২)

- ১১। আবেদনপত্র প্রেরণের সময় খামের উপর পদের নাম ও প্রযোজ্য ক্ষেত্রে কোটার নাম লিখতে হবে।
- ১২। সরকার কর্তৃক ঘোষিত সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।
- ১৩। কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- ১৪। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- ১৫। নিয়োগ সংক্রান্ত আবেদনপত্র গ্রহণ/বাতিল, পরীক্ষা গ্রহণ, পরীক্ষার তারিখ ও সময় পরিবর্তন/বাতিল-এর ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।


২২/২/১৭
(মোঃ মাহবুব আলম তালুকদার)
জেলা প্রশাসক
ঝিনাইদহ।
☎ ০৪৫১-৬২৩০১
E-mail:dc.Jhenaidah@moestab.gov.bd.

স্মারক নম্বর-০৫.৪৪.৪৪০০.০০৭.০২.০৩৫.১৬- ৭৭ (২০০)


তারিখ: ১০ ফাল্গুন ১৪২৩
২২ ফেব্রুয়ারি, ২০১৭

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।

অনুলিপি সদয় অবগতি ও প্রচারের জন্য প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক,----- (সকল)।
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঝিনাইদহ।
- ০৩। পুলিশ সুপার, ঝিনাইদহ।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার,----- (সকল), ঝিনাইদহ। নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। মেয়র,----- (সকল) পৌরসভা, ঝিনাইদহ।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঝিনাইদহ।
- ০৭। জেলা তথ্য অফিসার, ঝিনাইদহ।
- ০৮। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ। তাকে বিজ্ঞপ্তিটি আবেদন ফরমসহ ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো।
- ০৯। সম্পাদক, দৈনিক যুগান্তর, ঢাকা/দৈনিক নবচিত্র, ঝিনাইদহ। তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তিটি ০১(এক) দিনের জন্য ভিতরের পাতায় স্বল্প পরিসরে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১০। নোটিশ বোর্ড।


২২/২/১৭
জেলা প্রশাসক
ঝিনাইদহ।